



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

website : www.bmeb.gov.bd

স্মারক নং-পরী/দাখিল-১২/৫৪/৫/কেন্দ্র-২৪৫

তারিখ: ২১/১২/২০১১খ্রিঃ

প্রেরক : পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : জেলা প্রশাসক, শেরপুর।

বিষয় : ২০১২ সালে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষার নতুন কেন্দ্র স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানান যাচ্ছে যে, ১৪/১২/২০১১ তারিখে অনুষ্ঠিত সেন্টার এন্ড রিকগনিশন কমিটির সভার সিদ্ধান্তক্রমে আসন্ন ২০১২ সালের দাখিল পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে তাঁর জেলার শ্রীবদী উপজেলায় নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "শ্রীবদী-০২(ভায়াডাংগা)" নামে (কেন্দ্র কোড-২৪৫) একটি দাখিল পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হলো।

শর্তসমূহ-

১. সুষ্ঠুভাবে কেন্দ্র পরিচালনার অনুকূল পরিবেশ বিদ্যমান আছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে অবশ্যই পরীক্ষা অনুষ্ঠিত হবে।
২. প্রয়োজনবোধে এস,এস,সি ও দাখিল পরীক্ষা একই ক্যাম্পাসে/কম্পাউন্ডে গ্রহণের ব্যবস্থা করা যেতে পারে।
৩. কেন্দ্রের মাদরাসা শিক্ষক ও স্কুল শিক্ষকদের মধ্যে আনুপাতিকহারে পারস্পরিক বিনিময় করে কক্ষ প্রত্যবেক্ষক নিয়োগ করতে হবে।
৪. প্রশ্নপত্র ও গোপনীয় কাগজপত্র নিরাপদ হেফাজতে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
৫. পরীক্ষা পরিচালনা নীতিমালা অনুযায়ী দাখিল পরীক্ষার জন্য ১১ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে।
৬. পরীক্ষা কেন্দ্রের যে সকল স্থানে সাধারণ লোকের অনুপ্রবেশের আশংকা রয়েছে তার চারপাশে ১০০ গজের মধ্যে একা বা দলবদ্ধভাবে লোক চলাচল নিষিদ্ধ করণের ব্যবস্থা করতে হবে।
৭. পরীক্ষা পরিচালনা নীতিমালা পূঙ্খানুপূঙ্খভাবে অনুসরণ করতে হবে।
৮. আইন শৃঙ্খলা রক্ষাসহ পরীক্ষা পরিচালনার নিয়ম বহির্ভূত কোন কাজ যেন না হয় তার ব্যবস্থা করতে হবে।
৯. কেন্দ্রে স্থায়ী পাকা বাউন্ডারী ওয়াল এর ব্যবস্থাসহ মজবুত প্রবেশপথ (গেইট) থাকতে হবে। কেন্দ্রে পাকা সীমানা দেয়াল না থাকলে আপাততঃ অস্থায়ী শক্ত নিরাপত্তা বেটনীর ব্যবস্থা করতে হবে, যাতে বহিরাগত কোন লোকজন কেন্দ্রে প্রবেশ করতে না পারে।
১০. পরীক্ষায় নকল/অসদুপায় অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই কেন্দ্রটি বাতিল/অন্যত্র স্থানান্তর করা হবে।
১১. প্রয়োজনবোধে জনস্বার্থে যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় অত্র কেন্দ্র বাতিল/স্থানান্তর করা হবে। এ বিষয়ে কোন ওজর আপত্তি বা অভিযোগ করা যাবে না।
১২. নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের স্বার্থে পরীক্ষা কেন্দ্রের স্থান নির্ধারণের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনের সিদ্ধান্তই চূড়ান্ত।


২১/১২/২০১১

(মোঃ নজমুল হুদা)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা


ফোন : ৮৬২৫৯১৮

তারিখ : ২১/১২/২০১১খ্রিঃ

স্মারক নং-পরী/দাখিল-১২/৫৪/৫/কেন্দ্র-২৪৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল-

১. মাননীয় স্ব-রাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
২. পুলিশ সুপার, শেরপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবদী, শেরপুর।
৪. পি.এ. টু. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস আদেশ।


২১/১২/১১

(মোঃ কামরুল হাসান)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৯৬৭৫২৪৮